

৩৫/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৭১.০১৮.১৩০.২০১১-৬৭৬

তারিখ : ২০ পৌষ, ১৪২৪
০৪ জানুয়ারি, ২০১৮

বিষয়ঃ জিম্বাবুয়ে ও শ্রীলংকা জাতীয় ক্রিকেট দলের বাংলাদেশ সফর উপলক্ষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে আয়োজিত
আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আসাদুল ইসলাম
সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সভার তারিখঃ ০২-০১-২০১৮ খ্রিঃ
সময়ঃ ১১.০০ ঘটিকা
সভার স্থানঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভার উপস্থিত সদস্যবৃন্দ- (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ১০ই জানুয়ারি থেকে ১৯শে ফেব্রুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত জিম্বাবুয়ে ও শ্রীলংকা জাতীয় ক্রিকেট দল বাংলাদেশ সফর করবে। জিম্বাবুয়ে ও শ্রীলংকা জাতীয় ক্রিকেট দলের বাংলাদেশ সফরে অনুষ্ঠিত খেলাগুলো সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে এ আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বান করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (ক্রীড়া) সভার কার্যপত্র অনুযায়ী আলোচনার সূত্রপাত করেন। তিনি জানান যে, জিম্বাবুয়ে, শ্রীলংকা ও বাংলাদেশ দলের অংশগ্রহণে ঢাকায় একটি ত্রিদৈশীয় দিবারাত্রির একদিনের আন্তর্জাতিক ক্রিকেট টুর্নামেন্ট এবং ঢাকা ও চট্টগ্রামে বাংলাদেশ ও শ্রীলংকা জাতীয় ক্রিকেট দলের মধ্যে ০২ (দুই) টি টেস্ট ম্যাচ ও ০১টি টুয়েন্টি/২০ এবং সিলেটে ০১ (এক) টি টুয়েন্টি/২০ আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ ও বিকেএসপিতে একটি প্রস্তুতি ম্যাচ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বর্ণিত সফর ও খেলাকে সুষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার কর্মকর্তাবৃন্দ, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, জাতীয় ক্রীড়া পরিষদ এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ডের কর্মকর্তাবৃন্দ মূল্যবান মতামত ও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সর্বসম্মতিভাবে গৃহীত হয়।

ক্রমিক	মন্ত্রণালয় / বিভাগ/ প্রতিষ্ঠান / সংস্থা	বাস্তবায়ন
(ক)	জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় :	
(১)	জননিরাপত্তা বিভাগ অতিরিক্ত-সচিব (রাজনৈতিক)-কে আহ্বায়ক করে একটি নিরাপত্তা কমিটি গঠন করবে।	জননিরাপত্তা বিভাগ /সুরক্ষা সেবা বিভাগ
(২)	দেশী-বিদেশী খেলোয়াড়, কর্মকর্তা, আমন্ত্রিত বিশিষ্ট অতিথি, আইসিসি কর্মকর্তা, বিদেশী ম্যাচ অফিসিয়ালস্, টেলিভিশন প্রচারস্বত্ব লাভকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা, টিভি ক্রু ও ধারাভাষ্যকারদের ঢাকা, চট্টগ্রাম এবং সিলেট-এ অবস্থানকালীন (হোটেল, পরিবহন, বিমান বন্দর, খেলার মাঠ, ভ্রমণ, অনুশীলন কেন্দ্র) এবং সার্বিক নিরাপত্তা এবং খেলার মাঠে আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করবে।	এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ড
(৩)	নিরাপত্তা ছাড়পত্রের বিশেষ ব্যবস্থা গ্রহণ করবে।	

(৪)	আইন-শৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় সকল প্রকার কার্যক্রম গ্রহণ করবে।	জননিরাপত্তা বিভাগ /সুরক্ষা সেবা বিভাগ এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ড
(৫)	খেলার মাঠে পানি নিষ্কাশনের জন্য ফায়ার সার্ভিস এবং জরুরি চিকিৎসাকল্পে ফায়ার ব্রিগেডের এম্বুলেন্সের ব্যবস্থা নিশ্চিত করবে।	
(৬)	ডিএমপি, সিএমপি এবং এসএমপি (সিলেট)-এর মাধ্যমে যানবাহনের পার্কিং এবং ট্রাফিক নিয়ন্ত্রণের যাবতীয় ব্যবস্থা নিশ্চিত করবে।	
(৭)	জরুরি অগ্নি নির্বাপনের জন্য ফায়ার ব্রিগেডের গাড়ীসহ জনবল প্রস্তুত রাখার ব্যবস্থা নিশ্চিত করবে।	
(৮)	দেশী/বিদেশী ক্রিকেট খেলোয়াড়, ম্যাচ অফিসিয়ালস্, আইসিসি কর্মকর্তা, আমন্ত্রিত বিদেশী অতিথিবর্গ, টিভি ড্রু, ধারাভাষ্যকারদের মাঠে আনা-নেয়ার সময় প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিতকরণ এবং প্রয়োজনে মটর সাইকেল এবং আউট রাইডার স্কট এর ব্যবস্থা করবে।	
(৯)	খেলা চলাকালীন টিভি সরঞ্জাম এর প্রয়োজনীয় নিরাপত্তা এবং টিভি সরঞ্জাম ঢাকা থেকে চট্টগ্রাম এবং সিলেটে স্থানান্তরের লক্ষ্যে পরিবহনের সময় প্রয়োজনীয় আউট রাইডার স্কট এবং নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করবে।	
(১০)	ডিএমপি, সিএমপি এবং এসএমপি (সিলেট)-এর মাধ্যমে গেট ব্যবস্থাপনা, টিকিট বিক্রির ঘরে, খেলা চলাকালীন মাঠের চতুর্দিকে এবং স্টেডিয়াম এলাকায় নিরাপত্তা এবং আইন-শৃঙ্খলা রক্ষার নিমিত্ত যথাযথ ব্যবস্থা নিশ্চিত করবে। খেলোয়াড়দের আবাসস্থল, অনুশীলন ভেন্যু এবং সিরিজের ম্যাচ সমূহের জন্য নির্ধারিত ভেন্যু সমূহের চতুর্দিকে সার্বক্ষণিক টহল পুলিশসহ নিরাপত্তা বাহিনী মোতায়েন নিশ্চিত করাসহ নির্ধারিত ভেনু সমূহে খেলার দিন প্রয়োজনীয় ডগ স্কোয়াড সহ সুইপিং এর ব্যবস্থা নিশ্চিত করবে।	
(১১)	প্রয়োজনীয় সকল স্থানে পর্যাপ্ত পুলিশ মোতায়েন করা এবং আসন্ন এই সিরিজের জন্য শ্রীলংকা এবং জিম্বাবুয়ে ক্রিকেট দলকে প্রদানকৃত "Security Plan" অনুসারে সকল ধরনের নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থা সমূহ নিশ্চিত করবে।	
(১২)	প্রয়োজনে হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমানবন্দর ও শাহ আমানত বিমানবন্দর, চট্টগ্রামে বিদেশী খেলোয়াড়, কর্মকর্তা, বিদেশী ম্যাচ অফিসিয়াল, আইসিসি কর্মকর্তা, আমন্ত্রিত বিশিষ্ট অতিথি, টিভি সম্প্রচার স্বত্ব লাভকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা, টিভি ড্রু ও ধারাভাষ্যকারদের বাংলাদেশ ক্রিকেট বোর্ডের প্রত্যয়ন সাপেক্ষে (সরকারী ছুটির দিনসহ) "On Arrival Visa/ Landing Permit" ব্যবস্থা নিশ্চিত করবে (নূন্যতম ৪৫ দিনের)।	
(১৩)	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকায় প্রাকটিস ম্যাচ চলাকালীন প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করবে।	
(খ)	পররাষ্ট্র মন্ত্রণালয় ও সুরক্ষা সেবা বিভাগ :	
(১)	বিদেশী খেলোয়াড়, কর্মকর্তা, বিদেশী ম্যাচ অফিসিয়াল, আমন্ত্রিত বিশিষ্ট অতিথি, আইসিসি অফিসিয়ালস্, টিভি সম্প্রচার স্বত্ব লাভকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা, টিভি ড্রু ও ধারাভাষ্যকারদের VISA প্রদানের জন্য বিসিবি এর লিখিত অনুরোধের প্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।	পররাষ্ট্র মন্ত্রণালয়/ সুরক্ষা সেবা বিভাগ এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ড

